



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ি নং-৪৪ (৪র্থ তলা), সড়ক নং- ১২/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।

www.iau.edu.bd iaudhaka@gmail.com

ফোন : ৫৫০০০২৭৪-৭৬, ৭৮

সম্মানিত প্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলের প্রতি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত করণীয় নির্দেশনাবলি

➤ ফাজিল অনার্স শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষার কার্যাদি সূচাক্রমে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট মাদরাসায় নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ

ক্রম	ফাজিল অনার্স পরীক্ষা পরিচালনা কমিটি	পদবী
১.	সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ	সভাপতি
২.	বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি (উপাচার্য কর্তৃক মনোনীত)	সদস্য
৩.	সংশ্লিষ্ট মাদরাসার একজন শিক্ষক প্রতিনিধি (গভর্নিং বডি/এডহক কমিটির কর্তৃক মনোনীত একজন শিক্ষক) সরকারী মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন শিক্ষক।	সদস্য
৪.	সংশ্লিষ্ট মাদরাসার অনার্স-এর বিভাগীয় প্রধান (অধ্যক্ষ কর্তৃক মনোনীত)	সদস্য

- ১ম বর্ষ ফাজিল অনার্স ভর্তি পরীক্ষা ০৬.১২.২০১৭ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
- পরীক্ষার সময়সূচি সকাল ১১.০০-১২.০০ ঘটিকা পর্যন্ত (১ ঘণ্টা)।
- পরীক্ষার পূর্ণমান ৮০ নম্বর। প্রতিটি প্রশ্নের জন্য ০১ নম্বর করে।
- পরীক্ষার্থীদের উত্তরপত্রের ডান পাশে নির্ধারিত স্থানে রোল নম্বর, নাম, পিতার নাম, মাতার নাম, পরিষ্কার করে স্ব হস্তে লিখতে বলতে হবে। কোড নম্বরের ঘরে কোন কিছু লিখা যাবে না।
- সঠিক উত্তরে কালো কালির বলপেন দিয়ে টিক চিহ্ন (✓) দিতে হবে। অন্য কোন চিহ্ন ব্যবহার বা ঘষামাজা করলে সংশ্লিষ্ট উত্তর বাতিল বলে গণ্য হবে।
- ক-বিভাগ বাংলা, খ-বিভাগ ইংরেজি ও গ-বিভাগ সাধারণ জ্ঞান সকল বিষয়ের ছাত্র-ছাত্রীদের জন্য বাধ্যতামূলক।
- ঐচ্ছিক বিষয়ের মধ্যে যে কোন দুটি বিভাগের (ঘ-বিভাগ, ঙ-বিভাগ, চ-বিভাগ ও ছ-বিভাগ) উত্তর দিতে হবে।
- যে সকল পরীক্ষার্থী আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ এণ্ড ইসলামিক স্টাডিজ, আল-হাদীস এণ্ড ইসলামিক স্টাডিজ এবং আরবি ভাষা ও সাহিত্য বিভাগে ভর্তিচ্ছু তাদের ঐচ্ছিক বিষয় চ-বিভাগ আরবি ৩০ নম্বরের পরীক্ষা বাধ্যতামূলক।
- যে সকল পরীক্ষার্থী ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে ভর্তিচ্ছু তাদের ঘ-বিভাগ ইসলামের ইতিহাস বিষয়ে ৩০ নম্বরের পরীক্ষা বাধ্যতামূলক।
- পরীক্ষার হলে মোবাইল ফোন বা যে কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
- পরীক্ষা কমিটির সভাপতি পরীক্ষা কেন্দ্রের সার্বিক পরিবেশ ও আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- পরীক্ষার গোপনীয় কাগজপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- পরীক্ষা কেন্দ্রে বহিরাগতদের প্রবেশ রোধের ব্যবস্থা নিতে হবে।
- পরীক্ষা পরিচালনা কমিটি পরীক্ষা শেষ হওয়ার পরপরই ফলাফল প্রস্তুত ও প্রকাশ করবে।
- ফলাফলের একটি কপি বিশ্ববিদ্যালয়ের মনোনীত প্রতিনিধির মাধ্যমে সমন্বয়কারীর নিকট জমা দিতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Handwritten signature and date: 29.11.2017

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।